

8.8. প্রত্যক্ষের লক্ষণ (Definition of Perception)

ন্যায় দর্শনে 'প্রত্যক্ষ' শব্দটিকে দুটি অর্থে গ্রহণ করা হয়েছে। 'প্রত্যক্ষ' শব্দটি প্রত্যক্ষ প্রমাকে বোঝাতে পারে, আবার প্রত্যক্ষ প্রমাণকে বোঝাতে পারে। ইন্দ্রিয়ের সঙ্গে বিষয়ের সন্নির্কর্ষের ফলে যে যথার্থ জ্ঞান উৎপন্ন হয় তাই প্রত্যক্ষ প্রমাণ।

○ প্রত্যক্ষ প্রমার লক্ষণ : মহর্ষি গৌতম তাঁর 'ন্যায়সূত্রে' প্রত্যক্ষ প্রমার লক্ষণ করেছেন : 'ইন্দ্রিয়ার্থ সন্নির্কর্ষোৎপন্নং জ্ঞানং অব্যপদেশ্যম্ অব্যভিচারী ব্যবসায়াত্মকং প্রত্যক্ষম্।' অর্থাৎ ইন্দ্রিয় এবং অর্থের (যোগ্য বিষয়ের) সন্নির্কর্ষ (সম্বন্ধ) থেকে উৎপন্ন যে অব্যভিচারী, অব্যপদেশ ও ব্যবসায়াত্মক জ্ঞান উৎপন্ন হয় তা-ই হল প্রত্যক্ষ।

○ প্রত্যক্ষ প্রমাণের লক্ষণ : শাস্ত্রীয় ভাষায় প্রমার করণ হল প্রমাণ। প্রত্যক্ষ জ্ঞান হল প্রমাণ। প্রত্যক্ষ প্রমার করণ হল প্রত্যক্ষ প্রমাণ। নব্য নৈয়ায়িকদের মতে প্রত্যক্ষের লক্ষণ হল : 'ইন্দ্রিয়জন্য জ্ঞানং প্রত্যক্ষ'। ইন্দ্রিয়জন্য জ্ঞান হল প্রত্যক্ষ। প্রাচীন নৈয়ায়িকদের মতে ইন্দ্রিয়ার্থ সন্নির্কর্ষ হল প্রত্যক্ষ প্রমার করণ বা প্রত্যক্ষ প্রমাণ।

○ গৌতম প্রদত্ত সংজ্ঞা :

○ প্রত্যক্ষ প্রমার লক্ষণ : ইন্দ্রিয়ের সঙ্গে অর্থের (বিষয়ের) সন্নির্কর্ষের ফলে বা সম্বন্ধের ফলে যে অব্যভিচারী ও ব্যবসায়াত্মক অর্থাৎ যথার্থ ও সুনিশ্চিত জ্ঞান উৎপন্ন হয়, সেই জ্ঞানকে প্রত্যক্ষ বলে। চক্ষুর সঙ্গে ঘাটের সন্নির্কর্ষের দ্বারা উৎপন্ন ঘটজ্ঞান হল ঘাটের প্রত্যক্ষ জ্ঞান।

○ লক্ষণ বিশ্লেষণ : প্রত্যক্ষের লক্ষণে ছয়টি পদ আছে : (১) ইন্দ্রিয়, (২) অর্থ, (৩) সন্নির্কর্ষ, (৪) অব্যপদেশ্য, (৫) অব্যভিচারী এবং (৬) ব্যবসায়াত্মক। পদগুলির ব্যাখ্যা :

(১) ইন্দ্রিয় : ন্যায় দর্শনে ছয়টি ইন্দ্রিয় স্বীকার করা হয়েছে। যথা, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক ও মন। প্রথম পাঁচটি বাহ্যেইন্দ্রিয়, মন অন্তরীন্দ্রিয়। বাহ্যেইন্দ্রিয়ের সাহায্যে আমরা বাহ্যবিষয়কে জানি, অন্তরীন্দ্রিয়ের সাহায্যে আমরা সুখ-দুঃখ প্রভৃতি মানসিক অবস্থাকে জানি।

(২) অর্থ : ন্যায় দর্শনে 'অর্থ' শব্দের তাৎপর্য হল যোগ্য বিষয়। যে ইন্দ্রিয় যে বিষয়কে গ্রহণ করতে পারে, তাকেই যোগ্য বিষয় বলা হয়েছে। প্রত্যেকটি ইন্দ্রিয়ের নিজস্ব বিষয় আছে। নাসিকার বিষয় হল গন্ধ। চক্ষুর বিষয় হল রূপ, কর্ণের বিষয় হল শব্দ ইত্যাদি। রূপ, রস, গন্ধ, শব্দ — এগুলি ইন্দ্রিয়গ্রাহ্য, তাই এগুলি 'অর্থ' পদবাচ্য।

(৩) সন্নির্কর্ষ : 'সন্নির্কর্ষ' শব্দের অর্থ হল সম্বন্ধ। ছয়টি ইন্দ্রিয়ের সঙ্গে নিজ নিজ বিষয়ের সম্বন্ধকে সন্নির্কর্ষ বলা হয়েছে। প্রত্যেকটি ইন্দ্রিয় নিজ নিজ বিষয়ের সঙ্গে সন্নির্কৃষ্ট বা সম্বন্ধযুক্ত হয়। সুতরাং, বিষয়ভেদে সন্নির্কর্ষও